# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৭]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯১: হালাল পশুর প্রস্রাব প্রসঙ্গে

بَاب بَوْلِ مَا يُؤْكَلُ لَحْمُهُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ وَهْبٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ، قال: حَدَّثَنِي زَيْدُ بْنُ أَبِي أُنَيْسَةَ، عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قال: قَدِمَ أَعْرَابٌ مِنْ عُرَيْنَةَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَسْلَمُوا فَاجْتَوَوْا الْمَدِينَةَ حَتَّى اصْفَرَّتْ أَلْوَانُهُمْ وَعَظُمَتْ بُطُونُهُمْ، فَبَعَثَ بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى لِقَاحٍ لَهُ وَأَمَرَهُمْ أَنْ يَشْرَبُوا مِنْ أَلْبَانِهَا وَأَبْوَالِهَا . حَتَّى صَحُّوا، فَقَتَلُوا رَاعِيَهَا وَاسْتَاقُوا الْإِبِلَ، فَبَعَثَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طَلَبِهِمْ، فَأُتِيَ بِهِمْ فَقَطَعَ أَيْدِيَهُمْ وَأَرْجُلَهُمْ وَسَمَرَ أَعْيُنَهُمْ. قَالَ أَمِيرُ الْمُؤْمِنِينَ عَبْدُ الْمَلِكِ لِأَنَسٍ وَهُوَ يُحَدِّثُهُ هَذَا الْحَدِيثَ: بِكُفْرٍ أَمْ بِذَنْبٍ ؟ قَالَ: بِكُفْرٍ. قَالَ أَبُو عَبْد الرَّحْمَنِ: لَا نَعْلَمُ أَحَدًا، قَالَ: عَنْ يَحْيَى، عَنْ أَنَسٍ، فِي هَذَا الْحَدِيثِ غَيْرَ طَلْحَةَ، وَالصَّوَابُ عِنْدِي وَاللَّهُ تَعَالَى أَعْلَمُ يَحْيَى، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ، مُرْسَلٌ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٦٦٢)، ويأتي عند المؤلف برقم: ٤٠٤٠ (صحيح الاسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 307 ـ صحيح الإسناد

বাংলা

৩০৬. মুহাম্মাদ ইবনু ওয়াহব (রহ.) ..... আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ’উরয়নাহ্ নামক

জায়গা হতে কয়েকজন বেদুইন নবী (সা.) -এর নিকট এসে ইসলাম কবুল করল। মদীনায় বসবাস তাদের উপযোগী হল না। এমনকি তাদের রং ফ্যাকাশে হয়ে গেল এবং পেট ফুলে গেল। রাসূলুল্লাহ (সা.) শুধু তাদের স্বীয় দুগ্ধবতী উষ্ট্রের পালের দিকে পাঠিয়ে দিলেন। আর তাদেরকে তার (দুধ ও প্রস্রাব) পান করার আদেশ দিলেন। এতে তারা সুস্থ হয়ে গেল এবং উটের রাখালকে মেরে উটগুলো হাঁকিয়ে নিয়ে গেল। এরপর নবী (সা.) শুধু তাদের খুঁজে আনার জন্যে লোক পাঠালেন। তাদের ধরে আনা হল তাদের হাত পা কেটে দেয়া হল এবং তাদের চোখে গরম শলাকা ঢুকানো হল। আমীরুল মু'মিনীন 'আবদুল মালিক আনাস (রাঃ) - এর কাছে এ হাদীস শুনে তার কাছে প্রশ্ন করলেন, এ শাস্তি কি কুফরের জন্যে, না পাপের জন্যে? তিনি বললেন, কুফরের জন্যে। আবূ আবদুর রহমান (ইমাম নাসায়ী) বলেন, ত্বলহাহ্ ব্যতীত অন্য কেউ এ হাদীসের সনদে ইয়াহইয়া আনাস হতে এ কথা উল্লেখ করেছে বলে আমাদের জানা নেই। সঠিক কথা হলো, আল্লাহই ভালো জানেন- 'ইয়াহইয়া সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব হতে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন।

## English

191. Urine Of An Animal Whose Meat May Be Eaten

It was narrated from Anas bin Malik that some Bedouins from 'Urainah came to the Prophet (ﷺ) and became Muslims, but the climate of Al-Madinah did not suit them; their skin turned yellow and their stomachs became swollen. The Messenger of Allah (ﷺ) sent them to some pregnant camels of his and told them to drink their milk and urine until they recovered. Then they killed the camel-herder and drove the camels away. The Messenger of Allah (ﷺ) sent people after then and they were brought back. their hands and feet were cut off and their eyes were smoldered with burning nails. The Commander of the Believers, 'Abdul-Malik, said to Anas - when he was narrating this Hadith to him - (Were they being punished) for Kufr or for a sin? He said: For Kufr.

## ফুটনোট

সনদ সহীহ: ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86577

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন